

اَلْقُدُّوسُ আল-কুনুস

অর্থ

নিষ্কলুষ, অতি পবিত্র

English

☐ Al-Quddus

- The One who is pure from any imperfection and clear from children and adversaries.
- The Holy one

ব্যাখ্যা

খুঁত) | Al-Quddus | The Absolutely Pure

আল্লাহর নামসমূহের মধ্যে অন্যতম হলো আল-কুদ্দুস (পূত:পবিত্র, নিখুঁত), আস-সালাম (ক্রিটিমুক্ত) অর্থাৎ সর্ব প্রকারের কমতি, দোষ-ক্রেটি ও সৃষ্টিকুলের সাদৃশ্য থেকে তিনি মহান, পুত:পবিত্র। তিনি যাবতীয় দোষমুক্ত, তাঁর পূর্ণতার সমকক্ষ হওয়ার সাদৃশ্য হওয়া থেকে তিনি পবিত্র। আল্লাহ তা আলা বলেছেন,

"তাঁর মতো কিছুই নেই।" [সূরা আশ-শূরা, আয়াত: ১১] আল্লাহ তা'আলা আরও বলেছেন,

"আর তাঁর কোন সমকক্ষও নেই।" [সূরা আল-ইখলাস, আয়াত: 8] আল্লাহ তা আলা বলেছেন,

"তুমি কি তাঁর সমতুল্য কাউকে জান?" [সুরা মারইয়াম, আয়াত: ৬৫]

"সুতরাং তোমরা আল্লাহর জন্য সমকক্ষ নির্ধারণ করো না।" [সূরা আল-বাকারা, আয়াত: ২২] অত:এব, কুদ্দূস সালামের মতোই, উভয় নামই সর্বদিক থেকে আল্লাহকে দোষ-ক্রটিমুক্ত করে এবং সর্ব দিক থেকে সর্বময়



পরিপূর্ণতা শামিল করে। কেননা যখন ত্রুটিমুক্ত হয় তখন তাতে পরিপূর্ণ পূর্ণতা সাব্যস্ত হয়।[1] তিনি মহাপবিত্র, মহান, সমস্ত দোষ-ক্রুটি মুক্ত, সৃষ্টির কারো সাথে সাদৃশ্য হওয়া থেকে মুক্ত, দোষ-ক্রুটি ও পূর্ণতার পরিপন্থী যাবতীয় অপূর্ণতা থেকে তিনি মুক্ত। এ মূলনীতি তাঁকে পবিত্র রাখে এবং সর্বদিক বিবেচনায় যত প্রকারের অপূর্ণতা ও ক্রুটি রয়েছে তা থেকে তিনি মুক্ত। তাঁর মতো বা সাদৃশ বা অনুরূপ বা সমকক্ষ বা সমতুল্য বা অংশীদার বা প্রতিপক্ষ ইত্যাদি থেকে তিনি মুক্ত, পুত:পবিত্র। যা কিছু তাঁর মহান ও প্রশস্ত গুণাবলীর কোন একটি গুণকে অপূর্ণ করে বা ক্রুটিযুক্ত করে তা থেকে তিনি সম্পূর্ণ মুক্ত, পুত:পবিত্র।

তাঁকে পূর্ণ পুত:পবিত্র ও দোষ-ক্রটি মুক্ত রাখার আরেকটি উপায় হলো তাঁর জন্য বড়ত্ব, অহংকার ও মহত্বের গুণ সাব্যস্ত করা। কেননা আল্লাহকে দোষ-ক্রটি মুক্ত রাখার উদ্দেশ্য হলো যাবতীয় খারাপ ধারণা থেকে যেমনটি ধারণা করা হতো জাহেলী যুগে- তাঁকে মুক্ত রাখা। যেমন, বান্দা আল্লাহর গুণ সাব্যস্ত করে বলে, সুবহানাল্লাহ (আমি আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি) অথবা, আল্লাহর পুত:পবিত্রতা বর্ণনা করছি অথবা আল্লাহ মহান ইত্যাদি বলে তখন এসব গুণাবলী তাঁকে যাবতীয় দোষ-ক্রটি মুক্ত করে সব ধরণের পূর্ণতা সাব্যস্ত করে।[2]

- [1] আত-তাফসীর, ৫/৬২৩।
- [2] আল-হাকুল ওয়াদিহ আল-মুবীন, পৃ. ৮১-৮২; তাওদীহুল কাফিয়া আশ-শাফিয়া, পৃ. ১২৭।

Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=5

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন